




নং-৩৪.০০.০০০০.০৪১.১৮.০২৮.২০.৭৩৯

তারিখ: ১৪ আষাঢ় ১৪২৮ বঙ্গাব্দ
২৮ জুন ২০২১ খ্রিস্টাব্দ

বিষয়: যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন্স চার্টার) বিষয়ে সেবা গ্রহীতাদের
অবহিতকরণের লক্ষ্যে ২৭/০৬/২০২১ খ্রি. তারিখে অনুষ্ঠিত ভার্চুয়াল সভার কার্যবিবরণী।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন্স চার্টার)
বিষয়ে সেবা গ্রহীতাদের অবহিতকরণের লক্ষ্যে গত ২৭/০৬/২০২১ খ্রি. তারিখে এ মন্ত্রণালয়ের উপসচিব
(প্রশাসন) মহোদয়ের সভাপতিত্বে এক ভার্চুয়াল সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভার কার্যবিবরণী পরবর্তী প্রয়োজনীয়
ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে এ সাথে প্রেরণ করা হলো।

সংযুক্তি: ০১ (এক) পাতা।


(দীপ্তিময়ী জামান)
সিনিয়র সহকারী সচিব
ফোন: ৯৫৭৫৫০৫

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. অতিরিক্ত সচিব (সকল), যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. মহাপরিচালক, যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।
৩. মহাপরিচালক, শেখ হাসিনা জাতীয় যুব উন্নয়ন ইনস্টিটিউট, সাভার, ঢাকা।
৪. পরিচালক, ক্রীড়া পরিদপ্তর, ঢাকা।
৫. সচিব, জাতীয় ক্রীড়া পরিষদ, ঢাকা।
৬. সচিব, বঙ্গবন্ধু ক্রীড়া সেবা কল্যাণ ফাউন্ডেশন, ঢাকা।
৭. মহাপরিচালক, বিকেএসপি, সাভার, ঢাকা।
৮. যুগ্মসচিব (সকল), যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৯. উপসচিব (সকল), যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১০. মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১১. সিনিয়র সচিবের একান্ত সচিব, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১২. চিফ একাউন্টস্ এন্ড ফিন্যান্স অফিসার, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, সেগুনবাগিচা, ঢাকা।
১৩. সিনিয়র সহকারী সচিব, সুশাসন শাখা, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৪. সিনিয়র সহকারী সচিব/সহকারী সচিব (সকল), যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৫. হিসাবরক্ষণ কর্মকর্তা, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৬. সহকারী প্রোগ্রামার, আইটিসেল, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
(ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)



যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন্স চার্টার) বিষয়ে সেবাগ্রহীতাদের অবহিতকরণের লক্ষ্যে ২৭/০৬/২০২১খ্রি. তারিখে অনুষ্ঠিত ভার্চুয়াল সভার কার্যবিবরণী।


সভাপতি : জনাব মোঃ ফজলে এলাহী
উপসচিব (প্রশাসন), যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, ঢাকা।
তারিখ : ২৭ জুন, ২০২১ খ্রি.
সময় : বেলা ১১.৩০ টা
স্থান : মন্ত্রণালয়ের সম্মেলন কক্ষ (কক্ষ নং-৫০২, ভবন নং-৭)।

সভাপতি সভার প্রারম্ভে উপস্থিত সকল সদস্যকে স্বাগত জানান। সভাপতি মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনা অনুযায়ী সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন্স চার্টার) বিষয়ে সেবাগ্রহীতাদের অবহিতকরণের উপর গুরুত্বারোপ করেন। সেবা গ্রহীতাদেরকে দ্রুততম সময়ের মধ্যে যাতে সেবা প্রদান নিশ্চিত করা যায় সেজন্য যুব ও ক্রীড়া মন্ত্রণালয় এবং এর আওতাধীন দপ্তর/সংস্থাসমূহের সিটিজেন্স চার্টার-এর উল্লেখিত পদ্ধতি ও সময় অনুযায়ী সেবা দেয়া হচ্ছে কিনা তা নিয়মিত তদারকি/মনিটরিং জোড়দারকরণ করার লক্ষ্যে সভাপতি যুব ও ক্রীড়া মন্ত্রণালয় এবং আওতাধীন দপ্তর/সংস্থার সকল সদস্যকে পরামর্শ প্রদান করেন। সে পরিপ্রেক্ষিতে সেবা গ্রহীতা প্রাপ্য সেবা থেকে বঞ্চিত হলে অভিযোগ প্রতিকার ব্যবস্থার মাধ্যমে দ্রুততম সময়ের মধ্যে অভিযোগ নিষ্পত্তির জন্য নির্দেশনা প্রদান করেন।

০২। যুব ও ক্রীড়া মন্ত্রণালয় এবং আওতাধীন দপ্তর/সংস্থাসমূহের সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন্স চার্টার) বিষয়ে বিস্তারিত আলোচনান্তে সভায় নিম্নরূপ সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

- (ক) স্বচ্ছতা, জবাবদিহিতা এবং সুশাসন প্রতিষ্ঠার লক্ষ্যে দ্রুততম সময়ের মধ্যে সেবা প্রদান প্রতিশ্রুতি মোতাবেক সেবা গ্রহীতাদেরকে সেবা প্রদান নিশ্চিত করতে হবে;
- (খ) যুব ও ক্রীড়া মন্ত্রণালয় এবং আওতাধীন দপ্তর/সংস্থার সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন্স চার্টার)-এ দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার পদবী, ফোন, মোবাইল, ই-মেইল নম্বর অন্তর্ভুক্ত করতে হবে। এছাড়াও দপ্তর/সংস্থার সিটিজেন্স চার্টার পরীক্ষা-নিরীক্ষাপূর্বক মন্ত্রিপরিষদ বিভাগের সর্বশেষ সিদ্ধান্ত মতে সঠিকভাবে ওয়েবসাইটে প্রদর্শনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে;
- (গ) সিটিজেন্স চার্টার পরিবীক্ষণ কমিটি যথাযথভাবে সিটিজেন্স চার্টার পরিবীক্ষণ করবেন, যেন যথাসময়ে সেবা দেয়া নিশ্চিত হয়।

০৩। পরিশেষে সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকল সদস্যকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।


(মোঃ ফজলে এলাহী)
উপসচিব (প্রশাসন)
যুব ও ক্রীড়া মন্ত্রণালয়।